# টেলিভিশন লাইসেন্স ঃ

টেলিভিশন সেট প্রস্তুত/সংযোজন/আমদানী, ক্রয়-বিক্রয় এবং আবাসিক ও বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহৃত টেলিভিশন সেট লাইসেন্সের আওতাভূক্ত করার লক্ষ্যে "দ্য ওয়্যারলেস টেলিগ্রাফী অ্যাক্ট, ১৯৩৩ এর অধীনে দ্য টেলিভিশন রিসিভিং অ্যাপারেটাস (পজেশন এন্ড লাইসেন্সিং) রুলস, ১৯৭০" প্রণীত হয়েছে। উক্ত রুলস্ এ আবাসিক ভিত্তিতে ব্যবহৃত টিভি'র জন্য আবাসিক লাইসেন্স এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত টিভি'র জন্য বাণিজ্যিক লাইসেন্স গ্রহণ প্রথা বিদ্যমান।

## ক) টিভি'র আবাসিক লাইসেন্স ঃ

টিভি ক্রয়ের ক্যাশমেমো/ইন্‌ভয়েস এবং একত্রে ০৩(তিন) বছরের লাইসেন্স ফি জনতা ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে এককালীন আবাসিক লাইসেন্স সংগ্রহ করা যায়। বর্তমান নিয়মে এ লাইসেন্স একবার গ্রহণ করলে আর নবায়ন করতে হয় না। আবাসিক টেলিভিশনের লাইসেন্স ফি নিম্নরূপ ঃ

| ক্রঃনং | বিবরণ | বাৎসরিক ফি | এককালীন ফি | সারচার্জ |
|---|---|---|---|---|
| (i) | সাদা-কালো টিভি | ২০০/- | ৬০০/- | মাসিক ১৫/-<br>বাৎসরিক (সর্বোচ্চ) ১৫০/- |
| (ii) | সাধারণ রঙিন টিভি ২১ ইঞ্চি পর্যন্ত | ৫০০/- | ১,৫০০/- | মাসিক ৪০/-<br>বাৎসরিক (সর্বোচ্চ) ৪০০/- |
| (iii) | সাধারণ রঙিন টিভি ২২ ইঞ্চি বা তদূর্ধ্ব | ৬০০/- | ১,৮০০/- | -ঐ- |
| (iv) | LCD/LED ২১ ইঞ্চি পর্যন্ত | ৬০০/- | ১,৮০০/- | -ঐ- |
| (v) | LCD/LED ২২ ইঞ্চি হতে ৩৬ ইঞ্চি পর্যন্ত | ৮০০/- | ২,৪০০/- | -ঐ- |
| (vi) | LCD/LED ৩৭ ইঞ্চি বা তদূর্ধ্ব | ১,০০০/- | ৩,০০০/- | -ঐ- |

আবাসিক টিভি'র লাইসেন্সের আবেদনপত্র সংলাগ-১ তে প্রদত্ত হলো।

## খ) বাণিজ্যিক টিভি লাইসেন্স ঃ

বিটিভি'র রামপুরাস্থ সদর দপ্তর-এর লাইসেন্স শাখা থেকে সারাদেশের নিম্নোক্ত বাণিজ্যিক টিভি লাইসেন্স সরাসরি ইস্যু/নবায়ন করা হয় ঃ

| ক্রঃনং | বিবরণ | বাৎসরিক ফি ও নবায়ন ফি | সারচার্জ |
|---|---|---|---|
| (i) | টিভি প্রস্তুত/সংযোজন/আমদানীর জন্য বাণিজ্যিক লাইসেন্স | টাঃ ৬,০০০/- | মাসিক - ১০০/-<br>বাৎসরিক-১,০০০/- |
| (ii) | টিভি ক্রয়-বিক্রয় ব্যবসা পরিচালনার জন্য বাণিজ্যিক লাইসেন্স | টাঃ ২,০০০/- | মাসিক - ১০০/-<br>বাৎসরিক-১,০০০/- |
| (iii) | টিভি মেরামত এবং এর খুচরা যন্ত্রাংশ বিক্রয়ের জন্য বাণিজ্যিক লাইসেন্স | টাঃ ৯০০/- | মাসিক - ৫০/-<br>বাৎসরিক-৫০০/- |
| (iv) | হোটেল/রেস্টুরেন্ট বা অন্যত্র স্থানে বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত প্রত্যেক টিভি'র জন্য বাণিজ্যিক লাইসেন্স | টাঃ ১,২০০/- | মাসিক - ৫০/-<br>বাৎসরিক-৫০০/- |

বাণিজ্যিক টিভি'র লাইসেন্সের আবেদনপত্র সংলাগ-২ তে প্রদত্ত হলো।

২৭/১০/২৩

## গ) কেব্‌ল্ টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স ঃ

স্যাটেলাইট টিভি চ্যানেলের অনুষ্ঠান কেব্‌ল্ টেলিভিশন নেটওয়ার্ক এর মাধ্যমে ধারণ এবং গ্রাহক সাধারণের মাঝে তা সঞ্চালনের জন্য কেব্‌ল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ এর অধীনে কেব্‌ল্ অপারেটর/ফিড অপারেটর লাইসেন্স গ্রহণ করতে হয়। বিটিভি সাময়িকভাবে এ কার্যক্রম পরিচালনা করে আসছে। এ শ্রেণীর লাইসেন্সের ফি'র হার নিম্নরূপ ঃ

| ক্রঃনং | লাইসেন্সের ধরণ | এলাকা | বাৎসরিক লাইসেন্স ফি ও নবায়ন ফি | মাসিক সারচার্জ |
|---|---|---|---|---|
| (i) | **ডিসট্রিবিউটর** | সমগ্র বাংলাদেশ (প্রতিটি বিদেশী পে-চ্যানেলের জন্য) | টাঃ ৩,০০,০০০/- | ১,৫০০/- |
| (ii) | **এমএসও** | -------- | টাঃ ১,০০,০০০/- | ১,০০০/- |
| (iii) | **কেব্‌ল্ অপারেটর** | বিভাগীয় শহর এলাকা | টাঃ ৫০,০০০/- | ৫০০/- |
| | | বিভাগীয় শহর ব্যতীত অন্যান্য এলাকা | টাঃ ৩০,০০০/- | ৪০০/- |
| (iv) | **ফিড অপারেটর** | বিভাগীয় শহর এলাকা | টাঃ ১৬,০০০/- | ৪০০/- |
| | | বিভাগীয় শহরের এলাকার বাইরে | টাঃ ১০,০০০/- | ৩০০/- |
| | | জেলা শহর ব্যতীত অন্যান্য এলাকা | টাঃ ৬,০০০/- | ২০০/- |

কেব্‌ল্ অপারেটর/ফিড অপারেটর লাইসেন্সের জন্য নির্ধারিত আবেদনপত্র সংলাগ-০৩ তে প্রদত্ত হলো।

২৭/১০/১৪
মোঃ মাসুক মিয়া
উপ-নিয়ন্ত্রক (লাইসেন্স) চঃ দাঃ